খসড়া

বিল নং...................................২০১৯

বাংলাদেশে নাগরিক-বান্ধব ডিজিটাল সেবাব্যবস্থার উন্নয়ন, উদ্ভাবনী সংস্কৃতির বিকাশ ও জ্ঞানভিত্তিক সমাজ প্রতিষ্ঠায় পৃষ্ঠপোষকতা প্রদানকল্পে একটি উদ্ভাবন-উৎকর্ষ কেন্দ্র (Centre of Excellence for Innovation) হিসাবে এটুআই – বাংলাদেশ ইনোভেশন এজেন্সি নামে একটি এজেন্সি গঠন এবং আনুষঙ্গিক বিষয়াদি সম্পর্কে বিধান প্রণয়নকল্পে আনীত

বিল

যেহেতু বাংলাদেশে নাগরিক-বান্ধব ডিজিটাল সেবাব্যবস্থার উন্নয়ন, উদ্ভাবনী সংস্কৃতির বিকাশ ও জ্ঞানভিত্তিক সমাজ প্রতিষ্ঠায় পৃষ্ঠপোষকতা প্রদানকল্পে একটি উদ্ভাবন-উৎকর্ষ কেন্দ্র (Centre of Excellence for Innovation) হিসাবে এটুআই – বাংলাদেশ ইনোভেশন এজেন্সি নামে একটি এজেন্সি গঠন এবং আনুষঙ্গিক বিষয়াদি সম্পর্কে বিধান প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।– (১) এই আইন এটুআই – বাংলাদেশ ইনোভেশন এজেন্সি আইন, ২০১৯ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।– বিষয় অথবা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে –

(ক) ‘ডিজিটাল সেবা’ অর্থ ডিজিটাল প্রক্রিয়ায় প্রদত্ত সেবা;

(খ) ‘এজেন্সি’ অর্থ ধারা ৩ -এর অধীনে প্রতিষ্ঠিত এটুআই – বাংলাদেশ ইনোভেশন এজেন্সি;

(গ) ‘পরিচালনা পর্ষদ’ অর্থ ধারা ৭-এর অধীনে গঠিত পরিচালনা পর্ষদ;

(ঘ) ‘সভাপতি’ অর্থ এজেন্সির পরিচালনা পর্ষদ-এর সভাপতি;

(ঙ) ‘সদস্য’ অর্থ পরিচালনা পর্ষদ -এর সদস্য;

(চ) ‘নির্বাহী কমিটি’ অর্থ ধারা ১০-এর অধীনে গঠিত নির্বাহী কমিটি;

(ছ) ‘প্রধান নির্বাহী কর্মকর্তা’ অর্থ ধারা ১২-এর অধীনে নিযুক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা;

(জ) ‘তহবিল’ অর্থ ধারা ১৪-এ উল্লিখিত এজেন্সির তহবিল;

(ঝ) ‘বিধি’ অর্থ এই আইনের অধীনে প্রণীত বিধি;

(ঞ) ‘প্রবিধান’ অর্থ এই আইনের অধীনে প্রণীত প্রবিধান।

৩। **এজেন্সি প্রতিষ্ঠা**।– (১) এই আইন কার্যকর হইবার পর, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যথাশীঘ্র সম্ভব, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, এটুআই – বাংলাদেশ ইনোভেশন এজেন্সি নামে একটি এজেন্সি প্রতিষ্ঠা করিবে।

(২) এজেন্সি একটি সংবিধিবদ্ধ (statutory) সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সিলমোহর থাকিবে এব ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার এবং হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং ইহা স্বীয় নামে মামলা দায়ের করিতে পারিবে এবং উক্ত নামে ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

৪। **এজেন্সির কার্যালয়**।– (১) এজেন্সির প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে।

(২) পরিচালনা পর্ষদ, প্রয়োজনবোধে, বাংলাদেশের যেকোনো স্থানে বা বিদেশে উহার শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

৫। **এজেন্সির সাধারণ পরিচালনা ও প্রশাসন**।– এজেন্সির সাধারণ পরিচালনা ও প্রশাসন পরিচালনা পর্ষদের উপর ন্যস্ত থাকিবে, তবে এসকল কার্যাবলি, পরিচালনা পর্ষদ, নির্বাহী কমিটির নিকট অর্পণ করিতে পারিবে।

৬। **এজেন্সির উদ্দেশ্য ও কার্যাবলি**।– (১) এজেন্সির উদ্দেশ্যসমূহ হইবে নিম্নরূপ, যথা: --

(ক) ডিজিটাল সেবাব্যবস্থার উন্নয়ন, উদ্ভাবনী সংস্কৃতির বিকাশ, জ্ঞানভিত্তিক সমাজ প্রতিষ্ঠায় পৃষ্ঠপোষকতা প্রদান এবং এজেন্সিকে এতদসংক্রান্ত একটি উদ্ভাবন-উৎকর্ষ কেন্দ্র (Centre of Excellence for Innovation) হিসাবে গড়িয়া তোলা;

(খ) ডিজিটাল সেবা ও উদ্ভাবন-সংস্কৃতি বিষয়ে জনসচেতনতা ও চাহিদা সৃষ্টি;

(গ) উদ্ভাবন কর্মসূচি ও প্রকল্প গ্রহণ, উন্নয়ন, পরিচালনা, মূল্যায়ন, পরিবীক্ষণ এবং এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;

(ঘ) বাংলাদেশের নাগরিক বা প্রতিষ্ঠানের উদ্ভাবন বিষয়ে দক্ষতা উন্নয়ন, সক্ষমতা বৃদ্ধি এবং উদ্ভাবনী কাজে উৎসাহিতকরণ, প্রণোদনা ও সহায়তা প্রদান;

(ঙ) চতুর্থ শিল্পবিপ্লবের উপযোগী দক্ষ মানবসম্পদ তৈরিতে সহযোগিতা প্রদান;

(চ) ডিজিটাল বাংলাদেশ ও চতুর্থ শিল্পবিপ্লব হইতে প্রাপ্ত সুযোগ-সুবিধা ব্যবহারে উদ্বুদ্ধকরণ;

(ছ) একটি উদ্ভাবন-ইকোসিস্টেম সৃষ্টির লক্ষ্যে শিল্প, শিক্ষা-পরিবেশ, সরকার ও সমাজের মধ্যে সংযোগ স্থাপনে সহায়তা প্রদান;

(জ) দেশীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানসমূহকে সেবা ও পরামর্শ প্রদান; এবং

(ঝ) দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা-কে উৎসাহিত করিবার মাধ্যমে এজেন্সিকে বৈশ্বিক জ্ঞান বিতরণকারী প্রতিষ্ঠান হিসাবে প্রতিষ্ঠা করা এবং এজেন্সির উদ্ভাবনী কার্যক্রম বহির্বিশ্বে প্রসারণ।

(২) উপ-ধারা (১)-এ বর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে, এজেন্সি, মন্ত্রিপরিষদ বিভাগের সহিত সমন্বয়পূর্বক গৃহীত উদ্যোগ ও পরিকল্পনা বাস্তবায়নে সরকারের সংশ্লিষ্ট দপ্তরসমূহের সঙ্গে কাজ করিবে।

৭। **পরিচালনা পর্ষদের গঠন।**— (১) পরিচালনা পর্ষদের গঠন নিম্নরূপ হইবে—

(ক) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ — সভাপতি;

(খ) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ — সদস্য;

(গ) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় — সদস্য;

(ঘ) সচিব, অর্থ বিভাগ — সদস্য;

(ঙ) সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় — সদস্য;

(চ) সচিব, শিল্প মন্ত্রণালয় — সদস্য;

(ছ) সচিব, বাণিজ্য মন্ত্রণালয় — সদস্য;

(জ) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ — সদস্য;

(ঝ) গভর্ণর, বাংলাদেশ ব্যাংক — সদস্য;

(ঞ) সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ — সদস্য;

(ট) সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ — সদস্য;

(ঠ) পরিচালনা পর্ষদ কর্তৃক মনোনীত দুইজন প্রথিতযশা নাগরিক — সদস্য;

(ড) পরিচালনা পর্ষদ কর্তৃক মনোনীত একজন প্রথিতযশা শিক্ষাবিদ — সদস্য; এবং

(ঢ) প্রধান নির্বাহী কর্মকর্তা — সদস্য-সচিব।

(২) উপ-ধারা (১)-এর দফা (ঠ) ও (ড)-এ উল্লিখিত সদস্যগণ তাঁহাদের মনোনয়নের তারিখ হইতে ০২ (দুই) বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকিবেন, তবে পরিচালনা পর্ষদ কর্তৃক উক্ত মেয়াদকাল আরও ০২ (দুই) বৎসর বৃদ্ধি করা যাইবে। মনোনীত সদস্যের পদ শূন্য হইবে, যদি —

(ক) তিনি মৃত্যুবরণ করেন; অথবা

(খ) তিনি স্বেচ্ছায় পদত্যাগ করেন; অথবা

(গ) তিনি মেয়াদ শেষ হইবার পূর্বে অপসারিত হন; অথবা

(ঘ) তাঁহার সদস্য হিসাবে মনোনয়নের মেয়াদ ০২ (দুই) বৎসর অতিক্রান্ত হয়; অথবা

(ঙ) তিনি পরিচালনা পর্ষদের সভাপতির অনুমতি গ্রহণ ব্যতিরেকে পর পর ০৩ (তিন) টি সভায় অনুপস্থিত থাকেন; অথবা

(চ) তিনি এজেন্সি বা রাষ্ট্রের জন্য হানিকর কোনো কার্যে লিপ্ত থাকেন; অথবা

(ছ) তিনি নৈতিক স্খলনজনিত ফৌজদারি অপরাধে অন্যূন ০২ (দুই) বৎসর কারাদণ্ডে দণ্ডিত হন; অথবা

(জ) তিনি কোনো উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হন।

(৩) পরিচালনা পর্ষদের কোনো মনোনীত সদস্যের সদস্যপদ শূন্য হইলে উহা শূন্য হইবার ৯০ (নব্বই) দিনের মধ্যে পূরণ করিতে হইবে।

(৪) পরিচালনা পর্ষদ সর্বসম্মতিক্রমে, উহার সদস্য সংখ্যা বৃদ্ধি বা হ্রাস করিতে পারিবে।

৮। **পরিচালনা পর্ষদের দায়িত্ব ও কার্যাবলি।**– পরিচালনা পর্ষদের দায়িত্ব ও কার্যাবলি নিম্নরূপ হইবে –

(ক) এজেন্সির কার্যক্রম নিয়ন্ত্রণ ও পরিবীক্ষণ;

(খ) এজেন্সির উদ্দেশ্য বাস্তবায়নকল্পে প্রয়োজনবোধে কোম্পানি গঠন ও পরিচালনা;

(গ) এজেন্সির উদ্দেশ্য পূরণকল্পে জাতীয়, আঞ্চলিক, আন্তর্জাতিক সংস্থা, বিনিয়োগকারী ও প্রযুক্তি প্রতিষ্ঠানসমূহের সহিত চুক্তি অনুমোদন;

(ঘ) এজেন্সির কর্মকর্তা ও কর্মচারীদের জন্য পেনশন, প্রদেয় ভবিষ্য তহবিল, হিতৈষী তহবিল, স্বাস্থ্য বিমা এবং অন্য কোনো তহবিল সৃষ্টিসহ অন্যান্য সুযোগ-সুবিধার অনুমোদন;

(ঙ) এজেন্সি পরিচালনা কার্যক্রমের সহিত সংশ্লিষ্ট নীতি বা গাইডলাইন, বিধি ও প্রবিধান প্রণয়ন;

(চ) এজেন্সির সম্পত্তির উন্নয়ন, সম্প্রসারণ, পরিচালনা বা রক্ষণাবেক্ষণের উদ্দেশ্যে অন্তর্বর্তী তহবিল, রিজার্ভ তহবিল, সিঙ্কিং (sinking) তহবিল/কর্মশোধক তহবিল, বিমা তহবিল বা প্রয়োজনীয় অন্য কোনো বিশেষ তহবিল সৃষ্টি;

(ছ) এজেন্সির উদ্দেশ্য পূরণকল্পে নিয়োগবিধি প্রণয়ন, জনবল ও বেতন কাঠামো এবং বাজেট অনুমোদন;

(জ) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে অন্য যেকোনো কার্য সম্পাদন; এবং

(ঝ) সরকার কর্তৃক, সময়ে সময়ে, জারিকৃত আদেশ ও নির্দেশ, ইত্যাদি অনুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

৯। **পরিচালনা পর্ষদের সভা।**– (১) এই ধারার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে, পরিচালনা পর্ষদ উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) পরিচালনা পর্ষদের সভা, উহার সভাপতির সম্মতিক্রমে উহার প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক আহূত হইবে এবং সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে, তবে সাধারণত পরিচালনা পর্ষদের সভা এজেন্সির প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হইবে।

(৩) প্রতি বৎসর অন্যূন ০২ (দুই) বার পরিচালনা পর্ষদের সভা অনুষ্ঠিত হইবে।

(৪) সভার নোটিশ সভার অন্যূন ০৭ (সাত) দিন পূর্বে প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক জারি করিতে হইবে, তবে জরুরি প্রয়োজনে ও এজেন্সির উদ্দেশ্য পূরণকল্পে, ২৪ (চব্বিশ) ঘন্টার নোটিশে, সভাপতি যেকোনো সময় পরিচালনা পর্ষদের সভা আহ্বান করিতে পারিবেন।

(৫) কোনো জরুরি সভায় পরিচালনা পর্ষদের কোনো সদস্য অপসারণের সিদ্ধান্ত গ্রহণ করা যাইবে না।

(৬) সভাপতি পরিচালনা পর্ষদের সভায় সভাপতিত্ব করিবেন, সভাপতির অনুপস্থিতিতে সভায় উপস্থিত সদস্যগণ কর্তৃক তাহাদের মধ্য হইতে মনোনীত কোনো সদস্য পরিচালনা পর্ষদের সভায় সভাপতিত্ব করিবেন।

(৭) পরিচালনা পর্ষদের সভায় কোরামের জন্য মোট সদস্য সংখ্যার অন্যূন এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতি প্রয়োজন হইবে, তবে মুলতবি সভার ক্ষেত্রে কোরামের প্রয়োজন হইবে না।

(৮) পরিচালনা পর্ষদের সভায় উহার প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারীর নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৯) পরিচালনা পর্ষদের সকল সিদ্ধান্ত সংখ্যাগরিষ্ঠ সদস্যের সম্মতিতে গৃহীত হইবে।

(১০) কেবল সদস্য পদে শূন্যতা বা পরিচালনা পর্ষদ গঠনে ত্রুটি থাকিবার কারণে বা পরিচালনা পর্ষদের সরল বিশ্বাসে (in good faith) কৃত কোনো কার্য বা কার্যধারা অবৈধ হইবে না।

(১১) পরিচালনা পর্ষদের সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত সভার সভাপতি কর্তৃক অনুমোদিত হইতে হইবে এবং পরবর্তী সভায় উক্ত কার্যবিবরণী সভার চূড়ান্ত সাক্ষ্য হিসাবে গৃহীত হইবে।

(১২) কোনো দেশি বা বিদেশি সংস্থার প্রতিনিধিকে পরিচালনা পর্ষদ সভায় পর্যবেক্ষক হিসাবে উপস্থিত থাকিবার জন্য আমন্ত্রণ জানাইতে পারিবে, তবে তাহার ভোটাধিকার থাকিবে না।

১০। নির্বাহী কমিটির গঠন।— (১) এজেন্সির কার্যক্রম দ্রুত ও সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি নির্বাহী কমিটি থাকিবে, যথা —

(ক) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ — সভাপতি;

(খ) পরিচালনা পর্ষদ কর্তৃক মনোনীত পর্ষদের ১ জন সদস্য — সদস্য;

(গ) পরিচালনা পর্ষদ কর্তৃক মনোনীত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন কোনো প্রতিষ্ঠানের প্রধান — সদস্য;

(ঘ) এজেন্সির নিযুক্ত পরিচালক (অর্থ ও প্রশাসন) — সদস্য; এবং

(ঙ) এজেন্সির প্রধান নির্বাহী কর্মকর্তা — সদস্য-সচিব।

(২) উপ-ধারা (১)-এ যাহা কিছুই থাকুক না কেন, পরিচালনা পর্ষদের সিদ্ধান্তক্রমে নির্বাহী কমিটি স্থায়ীভাবে বা অস্থায়ীভাবে পরিবর্তন করা যাইবে।

১১। নির্বাহী কমিটির দায়িত্ব ও কার্যাবলি।— (১) নির্বাহী কমিটির দায়িত্ব ও কার্যাবলি নিম্নরূপ হইবে —

(ক) এজেন্সির উদ্দেশ্য বাস্তবায়নকল্পে প্রকল্প, কর্মসূচি ও পরিকল্পনা গ্রহণ, প্রণয়ন, পরিচালনা ও বাস্তবায়ন;

(খ) এজেন্সির কল্যাণ ও সুবিধার্থে ঋণ, মঞ্জুরি বা অনুদান গ্রহণ;

(গ) এজেন্সির আয় বা সম্পত্তির অংশ দ্বারা ক্রয় বা অন্য কোনোভাবে সম্পত্তি অর্জন, উন্নয়ন এবং এজেন্সির গচ্ছিত অর্থ পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত পদ্ধতিতে বিনিয়োগ;

(ঘ) এজেন্সির সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি রক্ষণাবেক্ষণ ও সংস্কার, উহার বিমা এবং উহা পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য আনুষঙ্গিক খরচ, চার্জ ও ব্যয় নির্বাহ;

(ঙ) এজেন্সির কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ, এবং প্রয়োজনে, বিশেষজ্ঞ ও পরামর্শক নিয়োগ বা কোনো বিশেষ কার্যক্রম পরিচালনার জন্য স্বতন্ত্র ব্যক্তি, বা আন্তর্জাতিক বিশেষজ্ঞদের সমন্বয়ে পরামর্শক কমিটি গঠন;

(চ) এজেন্সি কর্তৃক সরকারি, আধা-সরকারি বা স্থানীয় কর্তৃপক্ষের নিকট হইতে ক্রয়, দরপত্র জমা, লাইসেন্স, ফ্রাঞ্চাইজি, পারমিট বা অনুমতির জন্য আবেদন;

(ছ) ব্যক্তি, ফার্ম, কোম্পানি, সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানের সহিত যৌথ উদ্যোগ বা অংশীদারি কারবারে অংশগ্রহণ ও এতদসংক্রান্ত চুক্তি সম্পাদন;

(জ) এজেন্সির কল্যাণে, এজেন্সির স্থাবর বা অস্থাবর সম্পত্তির কোনো অংশ বিক্রয়, লিজ বা ভাড়া প্রদান;

(ঝ) এজেন্সির সকল মামলা ও অন্যান্য কার্যধারা দায়ের, তদারকি, আপোষ-মীমাংসা এবং অন্যান্য বিরোধ নিষ্পত্তি; এবং

(ঞ) এজেন্সির সম্পত্তি বা প্রকল্প, কর্মসূচির আয়-ব্যয়ের হিসাব রাখা।

(২) বিশেষ ক্ষেত্রে, যে সকল বিষয় পরিচালনা পর্ষদের পরবর্তী সভা পর্যন্ত অনিষ্পন্ন রাখা যাইবে না, সে সকল বিষয়ে নির্বাহী কমিটি সিদ্ধান্ত প্রদান করিতে পারিবে, তবে নির্বাহী কমিটি কর্তৃক অনুরূপ সকল সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গ্রহণ করিতে হইবে এবং বোর্ডের অব্যবহিত পরবর্তী সভায় উহা উপস্থাপন করিতে হইবে।

(৩) নির্বাহী কমিটি উহার ক্ষমতা প্রয়োগ ও কার্যাবলি সম্পাদনের ক্ষেত্রে পরিচালনা পর্ষদের নিকট দায়ী থাকিবে এবং পরিচালনা পর্ষদ কর্তৃক, সময় সময়, জারীকৃত বিধি, নীতি, নির্দেশনা অনুসরণ করিবে।

১২। **নির্বাহী কমিটির সভা।**– (১) এই ধারার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে, নির্বাহী কমিটি উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিবে।

(২) নির্বাহী কমিটি এজেন্সির কার্যক্রমের অগ্রগতি ও আর্থিক কার্যক্রম পর্যালোচনার জন্য যেকোনো সময় সভা করিতে পারিবে।

(৩) নির্বাহী কমিটির সভার তারিখ, সময় ও স্থান সভাপতি কর্তৃক নির্ধারিত হইবে।

(৪) নির্বাহী কমিটির সকল সভায় উহার সভাপতি সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে উপস্থিত জ্যেষ্ঠ সদস্য উক্ত সভায় সভাপতিত্ব করিবেন।

(৫) নির্বাহী কমিটির মোট সদস্য সংখ্যার অন্যূন এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম গঠিত হইবে, তবে মুলতুবি সভার ক্ষেত্রে কোনো কোরামের প্রয়োজন হইবে না।

(৬) নির্বাহী কমিটির সভায় উপস্থিত সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং সভায় উপস্থিত সদস্যদের সংখ্যাগরিষ্ঠ ভোটে নির্বাহী কমিটির সিদ্ধান্ত গৃহীত হইবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভাপতিত্বকারী ব্যক্তির নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৭) কেবল সদস্যপদে শূন্যতা বা নির্বাহী কমিটির গঠনে ত্রুটি থাকিবার কারণে নির্বাহী কমিটির কোনো কার্য অথবা কার্যধারা অবৈধ হইবে না।

(৮) নির্বাহী কমিটি উহার সভার সিদ্ধান্ত সম্পর্কে পরিচালনা পর্ষদকে অবহিত করিবে এবং পরিচালনা পর্ষদের কোনো পরামর্শ যদি থাকে, তাহা অনুসরণ ও প্রতিপালন করিবে।

১৩। **প্রধান নির্বাহী কর্মকর্তা**।– (১) এজেন্সির একজন প্রধান নির্বাহী কর্মকর্তা থাকিবেন।

(২) প্রধান নির্বাহী কর্মকর্তা প্রতিযোগিতামূলক প্রক্রিয়ায় পরিচালনা পর্ষদ কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাঁহার চাকুরির শর্তাদি প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

(৩) প্রধান নির্বাহী কর্মকর্তা এজেন্সির সার্বক্ষণিক প্রধান হইবেন এবং তিনি –

(ক) পরিচালনা পর্ষদ ও নির্বাহী কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়ী থাকিবেন;

(খ) পরিচালনা পর্ষদ ও নির্বাহী কমিটি কর্তৃক প্রদত্ত দায়িত্ব ও কার্য সম্পাদন করিবেন;

(গ) এজেন্সির প্রশাসন পরিচালনা করিবেন; এবং

(ঘ) এজেন্সির আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করিবেন।

(৪) প্রধান নির্বাহী কর্মকর্তার পদ শূন্য থাকিলে বা শূন্য হইলে কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোনো কারণে প্রধান নির্বাহী কর্মকর্তা তাহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে, শূন্য পদে নবনিযুক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা কার্যভার গ্রহণ না করা পর্যন্ত কিংবা প্রধান নির্বাহী কর্মকর্তা পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত পরিচালনা পর্ষদ কর্তৃক মনোনীত এজেন্সির কোনো কর্মকর্তা প্রধান নির্বাহী কর্মকর্তার দায়িত্ব পালন করিবেন।

১৪। **উপদেষ্টা পরিষদ**।– (১) এজেন্সির ভবিষ্যত কর্মপন্থা নির্ধারণ, দেশ-বিদেশের উত্তম চর্চাসমূহ অনুকরণ বা অনুসরণে কৌশলগত অংশীদারত্ব সৃষ্টিতে পরামর্শ গ্রহণের লক্ষ্যে পরিচালনা পর্ষদ উদ্ভাবন বিষয়ে অভিজ্ঞ দেশি, বিদেশি এবং অনিবাসী বাংলাদেশি প্রথিতযশা ব্যক্তির সমন্বয়ে উপদেষ্টা পরিষদ গঠন করিতে পারিবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মন্ত্রী/প্রতিমন্ত্রী উপদেষ্টা পরিষদের সভাপতি হইবেন।

(২) পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারিত সংখ্যক সদস্য সমন্বয়ে উপদেষ্টা পরিষদ গঠিত হইবে এবং নতুন সদস্য অন্তর্ভুক্তির ক্ষেত্রে নির্বাহী কমিটি বোর্ডে প্রস্তাব উত্থাপন করিবে।

(৩) উপদেষ্টা পরিষদের সদস্য ২ (দুই) বছরের জন্য মনোনীত হইবেন এবং একাধিক মেয়াদকালের জন্য মনোনীত হইতে পারিবেন।

(৪) উপদেষ্টা পরিষদের কার্য-পরিধি পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারিত হইবে।

১৫। **কমিটি গঠন**।– (১) এজেন্সির কার্যক্রম পরিচালনায় সহায়তার জন্য পরিচালনা পর্ষদ এক বা একাধিক কমিটি গঠন করিতে পারিবে।

(২) পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারিত সংখ্যক সদস্য সমন্বয়ে কমিটি গঠিত হইবে এবং কমিটির কার্য-পরিধি পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারিত হইবে।

১৬। **এজেন্সির তহবিল**।– (১) এজেন্সির একটি তহবিল থাকিবে যাহা এটুআই – বাংলাদেশ ইনোভেশন এজেন্সি তহবিল নামে অভিহিত হইবে।

(২) নিম্নবর্ণিত উৎস হইতে প্রাপ্ত অর্থ দ্বারা তহবিল গঠিত হইবে, যথা –

(ক) সরকার কর্তৃক প্রদত্ত অন্তর্বর্তীকালীন তহবিল (এনডাউমেন্ট ফান্ড), সিড মানি/অনুদান, সাহায্য বা মঞ্জুরি;

(খ) সরকারি বিধি-বিধান অনুসরণপূর্বক কোনো রাষ্ট্র, আন্তর্জাতিক কোনো এজেন্সি, সংস্থা, সংগঠন, ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হইতে প্রাপ্ত অনুদান বা সাহায্য;

(গ) কোনো রাষ্ট্র, আন্তর্জাতিক কোনো এজেন্সি, সংস্থা, সংগঠন, ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হইতে সেবা বা পরামর্শ প্রদানের বিনিময়ে প্রাপ্ত ফি বা চার্জ;

(ঘ) এজেন্সি কর্তৃক গৃহীত ঋণ;

(ঙ) এজেন্সির সম্পত্তি বা যেকোনো কার্যক্রম হইতে লব্ধ আয়;

(চ) সরকারি বিধি-বিধান অনুসরণপূর্বক কোনো ব্যক্তি, সমিতি বা প্রতিষ্ঠান, স্থানীয় কর্তৃপক্ষ, সংবিধিবদ্ধ সংস্থা বা অনুরূপ কোনো সংস্থার নিকট হইতে প্রাপ্ত অনুদান;

(ছ) এজেন্সির তহবিলের অর্থ বিনিয়োগ হইতে অর্জিত আয় বা মুনাফা;

(জ) এজেন্সির নিজস্ব উৎস হইতে প্রাপ্ত আয়; এবং

(ঝ) সরকার কর্তৃক অনুমোদিত অন্য কোনো বৈধ উৎস হইতে প্রাপ্ত অর্থ।

(৩) প্রত্যেক বৎসর সরকারি অনুদান (থোক বরাদ্দ/অন্তর্বর্তীকালীন অনুদান) হইতে প্রাপ্ত অর্থের সর্বোচ্চ শতকরা ৬৬ ভাগ এজেন্সির লক্ষ্য ও উদ্দেশ্য পূরণে পরিচালিত প্রকল্পে বা কর্মসূচিতে ব্যয় করা যাইবে এবং ন্যূনতম শতকরা ৩৪ ভাগ এবং এজেন্সির অব্যয়িত অর্থ তহবিলে জমা হইবে। তবে এজেন্সিকে কোনো সুনির্দিষ্ট উদ্দেশ্য পূরণে প্রদেয় সরকারি অনুদানের ক্ষেত্রে এই ধারা প্রযোজ্য হইবে না।

(৪) তহবিলের অর্থ কোনো তপশিলি ব্যাংকে এজেন্সির নামে জমা রাখিতে হইবে এবং পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত পদ্ধতিতে উক্ত অর্থ উত্তোলন করা যাইবে।

ব্যাখ্যা- এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে 'তপশিলি ব্যাংক' অর্থ Bangladesh Bank Order, 1972 (P. O. No. 127 of 1972) এর Article 2(j) তে সংজ্ঞায়িত Scheduled Bank।

(৫) পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারিত নিয়ম-নীতি ও প্রচলিত সরকারি বিধি-বিধান অনুসরণপূর্বক এজেন্সির প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করিতে হইবে।

(৬) পরিচালনা পর্ষদ, এজেন্সির ক্রয় কার্যক্রম পরিচালনা বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট রুলস অনুসরণ করিবে, তবে ক্ষেত্র বিশেষে পরিচালনা পর্ষদ সর্বসম্মতিক্রমে, নিজস্ব প্রকিউরমেন্ট রুলস তৈরি করিতে পারিবে।

১৭। **এজেন্সির জনবল।– (১)** পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামো ও বেতনক্রম অনুযায়ী এজেন্সির প্রয়োজনীয় জনবল থাকিবে।

(২) এজেন্সি উহার কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে, প্রবিধান দ্বারা নির্ধারিত শর্তাধীনে, প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী নিয়োগ করিতে পারিবে।

(৩) এজেন্সি উহার কার্যাবলি সম্পাদনের জন্য যেকোনো সংখ্যক পরিচালক নিয়োগ করিবে, যাহাদের মধ্যে একজন পরিচালক (অর্থ ও প্রশাসন) থাকিবে এবং তাহারা প্রতিযোগিতামূলক প্রক্রিয়ায় পরিচালনা পর্ষদ কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহাদের চাকুরির শর্তাদি প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

১৮। **বাজেট।–** প্রধান নির্বাহী কর্মকর্তা বার্ষিক কর্মপরিকল্পনা ও বাজেট পরিচালনা পর্ষদের অনুমোদনের জন্য পেশ করিবেন।

১৯। **হিসাবরক্ষণ ও নিরীক্ষা।–** (১) এজেন্সি, তদকর্তৃক নির্ধারিত পদ্ধতিতে, উহার আয়-ব্যয়ের যথাযথ হিসাবরক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

(২) Bangladesh Chartered Accountants Order, 1973 (P.O No. 2 of 1973)-এর Article 2(1)(b)-তে সংজ্ঞায়িত চার্টার্ড একাউনটেন্ট দ্বারা এজেন্সির হিসাব নিরীক্ষা করিতে হইবে এবং এতদুদ্দেশ্যে পরিচালনা পর্ষদ এক বা একাধিক চার্টার্ড একাউনটেন্ট নিয়োগ করিতে পারিবে।

(৩) উপ-ধারা (২)-এ যাহা কিছুই থাকুক না কেন, সরকার কর্তৃক প্রদত্ত অনুদান বা তহবিল বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক বলিয়া উল্লিখিত, প্রতি বৎসর এজেন্সির হিসাব নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা প্রতিবেদনের অনুলিপি সরকার ও পরিচালনা পর্ষদের নিকট প্রেরণ করিবেন।

(৪) উপ-ধারা (২) ও (৩) অনুযায়ী হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে চার্টার্ড একাউনটেন্ট, বা ক্ষেত্রমত, মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক কিংবা তাঁহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি এজেন্সির সকল রেকর্ড, দলিল-দস্তাবেজ, নগদ অথবা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভান্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং এজেন্সির যেকোনো সদস্য, কর্মকর্তা ও কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

২০। **প্রতিবেদন**।– (১) প্রত্যেক অর্থবৎসর শেষ হইবার পরবর্তী বৎসরের ৩০শে জুনের মধ্যে পরিচালনা পর্ষদ উক্ত অর্থবৎসরের সম্পাদিত কার্যাবলির বিবরণ সংবলিত একটি বার্ষিক প্রতিবেদন সরকারের নিকট দাখিল করিবে।

(২) সরকার, প্রয়োজনে, পরিচালনা পর্ষদের নিকট হইতে যেকোনো সময় উহার যেকোনো কাজের প্রতিবেদন বা বিবরণী আহ্বান করিতে পারিবে এবং পরিচালনা পর্ষদ উহা সরকারের নিকট প্রেরণ করিতে বাধ্য থাকিবে।

২১। **ক্ষমতা অর্পণ**।– পরিচালনা পর্ষদ উহার যেকোনো কার্যাবলি, ক্ষমতা বা দায়িত্ব, প্রয়োজনে, তদকর্তৃক নির্ধারিত শর্তসাপেক্ষে, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা সভাপতি, কোনো সদস্য, নির্বাহী কমিটি, প্রধান নির্বাহী কর্মকর্তা বা অন্য কোনো কর্মকর্তা বা কর্মচারীকে অর্পণ করিতে পারিবে।

২২। **বিধি প্রণয়নের ক্ষমতা**।– এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

২৩। **প্রবিধান প্রণয়নের ক্ষমতা**।– এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, পরিচালনা পর্ষদ, সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা, এই আইন অথবা বিধির সহিত অসঙ্গতিপূর্ণ নহে, এইরূপ প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

২৪। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ**।– (১) এই আইন কার্যকর হইবার পর সরকার, সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

(২) বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

২৫। **হস্তান্তর**।– এই আইন কার্যকর হইবার সঙ্গে সঙ্গে ..../ এটুআই/ প্রকল্পের-

(ক) সকল অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব ও সুযোগ-সুবিধা, সমস্ত স্থাবর ও অস্থাবর সম্পদ, নগদ অর্থ ও ব্যাংকের জমা, মঞ্জুরি ও তহবিল এবং তদ্‌সংশ্লিষ্ট বা উদ্ভূত অন্য সকল প্রকার অধিকার ও স্বার্থ এবং সমস্ত হিসাব বই, রেজিস্টার, রেকর্ড এবং তদ্‌সম্পর্কিত অন্য সকল প্রকার দলিলাদি এজেন্সি বরাবর হস্তান্তরিত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) সকল প্রকার ঋণ, দায় ও দায়িত্ব সরকারের ভিন্নরূপ কোনো নির্দেশ না থাকিলে এজেন্সির ঋণ, দায় ও দায়িত্ব হিসাবে গণ্য হইবে।